

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৯০.১৮- ৩২৩০

তারিখ

২২ কার্তিক, ১৪২৫।
৬ নভেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১১৮২০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব গোপাল মজুমদার, পিতা-মৃত নলিনী মজুমদার, গ্রাম-বারখাইন পদ্মপাড়া, উপজেলা-আনোয়ারা, জেলা-চট্টগ্রাম বারখাইন পদ্মপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে নিয়োগের জন্য নির্ধারিত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং গত ২১/০৫/২০১৫ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ পরীক্ষার ফলাফলে প্রথম স্থান অধিকার করেন। কিন্তু নিয়োগ পরীক্ষার ফলাফল অনুযায়ী তাঁকে উক্ত বিদ্যালয়ে নিয়োগ না দিয়ে দীর্ঘ ০৩(তিন) বছর পর উক্ত পদে নিয়োগের লক্ষে স্মারক নং-উশিঅ/আনো/শিক্ষা/চট্ট/২৮৮(৮০) তারিখঃ ২১/০৬/২০১৮ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ফলে তিনি সংক্ষুব্ধ হয়ে উক্ত বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে নিয়োগের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১১৮২০/২০১৮ দায়ের করেন। গত ০২.১০.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ
Pending hearing of the Rule, let operation of the impugned letter under memo No. উশিঅ/আনো/শিক্ষা/চট্ট/২৮৮(৮০) dated 21.06.2018 (Annexure-D) be stayed, in so far as it relates to the Barakhain Padma Para Government Primary School, for a period of 06(six) months from date.

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ১১৮২০/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১১৮২০/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপত্রে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি, ১। রুলের ফটোকপি ০১(এক) খানা।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
চট্টগ্রাম।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৯০.১৮- ৩২১৫/২

তারিখ

২৩ কার্তিক, ১৪২৫।
০৬ নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২। উপজেলা শিক্ষা অফিসার, আনোয়ারা, চট্টগ্রাম।

৩। অফিস নথি।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)